সারাদেশ

ফরিদগঞ্জে ইত্তেফাকের সাংবাদিক মহিউদ্দিনকে ১ ঘণ্টা আটকে রেখে পেটানোর অভিযোগ

চাঁদপুর প্রতিনিধি ও হাজীগঞ্জ (চাঁদপুর) সংবাদদাতা
প্রকাশ : ২০ অক্টোবর ২০২৬, ১৮:৩৯

পছন্দসই সোর্সে যোগ করুন

ফরিদগঞ্জ থানা (গনমাধ্যমকর্মী মো. মহিউদ্দিন) । কোলাজ ইত্তেফাক

চাঁদপুরের ফরিদগঞ্জ বাজারে দৈনিক ইত্তেফাকের ফরিদগঞ্জ প্রতিনিধি সাংবাদিক মহিউদ্দিনের ওপর হামলার ঘটনা ঘটেছে। এতে তিনি রক্তাক্ত জখম হয়েছেন। মঙ্গলবার (২০ অক্টোবর) সকালে ফরিদগঞ্জ বাজার কেন্দ্রীয় জামে মসজিদের সামনে এ ঘটনা ঘটে।

দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

প্রত্যক্ষদর্শী ও সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, আসন্ন পৌর নির্বাচনকে সামনে রেখে নিজেকে সম্ভাব্য মেয়র প্রার্থী ঘোষণা দেওয়ায় গণমাধ্যমকর্মী মো. মহিউদ্দিনের ওপর হামলার অভিযোগ উঠেছে। হামলার পর সাংবাদিক মহিউদ্দিনকে প্রায় এক ঘণ্টা অবরুদ্ধ করে রাখা হয়। পরে স্থানীয়দের সহযোগিতায় সহকর্মী সাংবাদিকরা তাকে উদ্ধার করে চিকিৎসার জন্য হাসপাতালে নিয়ে যান।

এদিকে আহত সাংবাদিক মহিউদ্দিন অভিযোগ করেন, ফরিদগঞ্জ পৌর ছাত্রদলের সাবেক সভাপতি কামরুল পাটোয়ারীসহ কয়েকজন ব্যক্তি তার ওপর একাধিকবার হামলা চালিয়েছেন। অভিযোগের সত্যতা স্বাধীনভাবে যাচাই করা সম্ভব হয়নি।

পাশাপাশি অভিযুক্ত কামরুল পাটোয়ারীর বক্তব্য তাৎক্ষণিকভাবে পাওয়া যায়নি।

এদিকে সাংবাদিকের ওপর হামলার ঘটনায় স্থানীয় সাংবাদিকদের মধ্যে তীব্র ক্ষোভ ও উদ্বেগের সৃষ্টি হয়েছে। পাশাপাশি ঘটনার সুষ্ঠু তদন্ত করে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন তারা।

এ সম্পর্কিত আরও পড়ুন

বিল থেকে ধরে বাড়িতে পুষছিলেন গোখরা, ছোবল খেয়ে হাসপাতালে কাঠমিস্ত্রি

লক্ষ্মীপুরে কার্যক্রম নিষিদ্ধ যুবলীগ নেতাকে তুলে

লক্ষ্মীপুরে কার্যক্রম নিষিদ্ধ যুবলীগ নেতাকে তুলে নিয়ে মারধর, ছাত্রদল নেতা গ্রেপ্তার

চাঁদপুরে যুবকের লুঙ্গির গোছায় মিললো ওয়ান শুটার গান

কুকুরের ডাকাডাকি শুনে বাড়ি থেকে বের হন ছাত্রদল নেতার বড় ভাই, ফাঁকা গুলি ছুড়ে অপহরণ

দাবি জানিয়েছেন তারা।

ইত্তেফাক/এনটিএম

বিষয়: চাঁদপুর ছাত্রদল

এ সম্পর্কিত আরও পড়ুন

‘সারের ডিলারশিপ না দেন, বিষের দেন; ত্যাগী কর্মীরা মরে যাক’

মতলবে ১৫ দিনে ডেঙ্গুতে হাসপাতালে ভর্তি ২৮, প্রাণ গেল দুজনের

চাঁদপুরে ১০ মণ ইলিশ মাছ জব্দ, এতিমখানায় বিতরণ

রবীন্দ্রনাথের ছবি পায়ের নিচে রেখে ফেসবুকে পোস্ট, ছাত্রদল নেতা বহিষ্কার

দৈনিক ইত্তেফাক

সম্পাদক: তাসমিমা হোসেন

প্রকাশক: তারিন হোসেন

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত

Download on the App Store
GET IT ON Google Play